

## ১৯ দেশ বরণ্যকে নিয়ে 'শিল্পীর পাশে ফাউন্ডেশন'

বিনোদন রিপোর্ট

১৯ নভেম্বর ২০১৬, ১৫:০৩

বিজ্ঞাপন



অতিথিদের সঙ্গে ফাউন্ডেশনের অন্যতম উদ্যোক্তা আনিসুল হক

বিজ্ঞাপন

প্রায়ই দেখা যায় জীবনের শেষ প্রান্তে গিয়ে সুচিকিৎসার আশায় অর্থের জন্য হাহাকার করতে হয় চলচ্চিত্র-নাটক কিংবা সংগীতশিল্পীদের। কখনও কখনও সহশিল্পীরা সাহায্যের হাত বাড়িয়ে দেন। এগিয়ে আসেন, সরকারও। যদিও সেটি অপ্রতুল এবং একজন শিল্পীর জন্য বিব্রতকরও বটে।

এমন অভাববোধ থেকেই দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত শিল্পীদের পাশে দাঁড়াতে আজ শনিবার থেকে আনুষ্ঠানিক যাত্রা হলো ‘শিল্পীর পাশে ফাউন্ডেশন’।

এ উদ্যোগ নিয়েছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক।

আজ শনিবার দুপুরে রাজধানীর ওয়েস্টিন হোটেলের বলরুমে এক অনুষ্ঠানের মাধ্যমে এ ফাউন্ডেশনের আনুষ্ঠানিক ঘোষণা দেওয়া হয়। পাশাপাশি ক্যানসারে আক্রান্ত সংগীতের তিন কিংবদন্তিকে প্রদান করা হয় আর্থিক সহায়তা। এরমধ্যে লাকী আখান্দকে দেওয়া হয় সর্বোচ্চ ৪০ লাখ, আলাউদ্দীন আলীকে ২০ লাখ এবং শাম্মী আখতারকে ১০ লাখ টাকার চেক।



অনুষ্ঠানে হইলচেয়ারে বসে আছেন লাকী আখান্দ

অনুষ্ঠানে জানানো হয়, ফাউন্ডেশনটির তহবিল সংগ্রহের জন্য আগামী ফেব্রুয়ারিতে বড় একটি কনসার্টেরও আয়োজন করা হবে।

ফাউন্ডেশনটি পরিচালনার জন্য দেশবরেণ্য ১৯ জন ব্যক্তিত্বকে নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির চেয়ারম্যান শিক্ষাবিদ ড.

আনিসুজ্জামান, ভাইস চেয়ারম্যান অঞ্জন চৌধুরী পিন্টু। এ ছাড়া রয়েছেন আসাদুজ্জামান নূর এমপি, মুস্তাফা মনোয়ার, ফেরদৌসী রহমান, আলী

যাকের, ফরিদুর রেজা সাগর, আবুল খায়ের লিটু, সৈয়দ আব্দুল হাদী, নাসির উদ্দীন ইউসুফ, আবুল মাতলুব আহমদ, আবদুল্লাহ আবু সায়ীদ, সেলিনা

হোসেন, অধ্যাপক সৈয়দ মনজুরুল ইসলাম, ড. মুহাম্মদ জাফর ইকবাল, ফয়সাল সিদ্দিকী বগি, সিদ্দিকুর রহমান, ওমর সাদাত ও মেয়র আনিসুল

হক।



আলাউদ্দীন আলী, শামী আখতার ও লাকী আখান্দ (ফাইল ছবি)

এদিকে মেয়র আনিসুল হকের এমন উদ্যোগকে সাধুবাদ জানাচ্ছেন দেশের প্রায় সর্বস্তরের শিল্পীরা। বাপ্পা মজুমদার এ প্রসঙ্গে বলেন, ‘ধন্যবাদ শ্রদ্ধেয় আনিসুল হক। এই ফাউন্ডেশন আমাদের বাংলাদেশের সকল শিল্পীর জন্য একটি আশীর্বাদ হয়ে থাকবে। এই প্রত্যাশাই করছি। আপনি সত্যিই অসাধারণ একটি উদ্যোগ নিয়েছেন আর আমরা সকলেই আছি আপনার সঙ্গে। বাংলাদেশে আপনার মতো আরও কিছু মানুষের খুব বেশি প্রয়োজন।’

অনুষ্ঠানের শুরুতে ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক বলেন, ‘এখন থেকে আর কোনও শিল্পীকে যাতে তার শিল্প সাধনায় বাধাগ্রস্ত হতে না হয়, সেদিকে নজর রাখবে ‘শিল্পীর পাশে ফাউন্ডেশন’। এখন পর্যন্ত আমাদের তহবিল সংগ্রহ হয়েছে দুই কোটি ১০ লাখ টাকা। শিল্পীরা ভালো না থাকলে সমাজের পক্ষেও ভালো থাকা সম্ভব নয়। সে জন্যই এই ফাউন্ডেশন।’

#### বিজ্ঞাপন

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন অধ্যাপক আবদুল্লাহ আবু সাইয়ীদ, কণ্ঠশিল্পী ফেরদৌসী রহমান, কথাশিল্পী সেলিনা হোসেন, শিল্পী মুস্তাফা মনওয়ার প্রমুখ।

ফাউন্ডেশন সংশ্লিষ্টরা ছাড়াও আজকের আয়োজনে উপস্থিত ছিলেন, সংগীতের আবিদা সুলতানা, সুবীর নন্দী, ফেরদৌস ওয়াহীদ, খুরশিদ আলম, মাকুসদ, হামিন আহমেদ, শাফিন আহমেদ, কনক চাঁপা, এস আই টুটুল, ফাহমিদা নবী, সামিনা চৌধুরী, বাপ্পা মজুমদার, শওকত আলী ইমন, ইমন সাহা, পরিচালক সৈয়দ সালাউদ্দিন জাকী, দেবশীষ বিশ্বাস, চয়নিকা চৌধুরী, অভিনয়শিল্পী আলমগীর, ইলিয়াস কাঞ্চন, শম্পা রেজা, তানভীন সুইটি, দীপা খন্দকার, অপি করিম, আনিসুর রহমান মিলন, শিমুল খানসহ আরও অনেকে।

সবশেষে ‘হ্যাপি টাচ’ ব্যান্ডদলের শিল্পীরা লাকী আখান্দ ও হ্যাপী আখান্দের গান পরিবেশন করেন।



অনুষ্ঠানে সমবেত কণ্ঠে গাইছেন আলাউদ্দীন আলী, আলমগীর, কনক চাঁপা, খুরশিদ আলমসহ অনেকেই

ছবি: মাহবুব আলম

/এমএম/

বিজ্ঞাপন

\*\*\* বাংলা ট্রিবিউন সব ধরনের আলোচনা-সমালোচনা সাদরে গ্রহণ ও উৎসাহিত করে। অশালীন ও কুরুচিপূর্ণ মন্তব্য পরিহার করুন। এটা আইনত দণ্ডনীয় অপরাধ।